



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345  
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২১/৭৩

২১ জুন ২০২১ইং

## সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনারা ইতোমধ্যে অবহিত হয়েছেন যে, ঢাকা-গাজীপুর রুটে র্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের নির্মাণ কাজ চলমান থাকায় ও বর্তমান বর্ষা মৌসুমের কারণে অস্বাভাবিক যানজটের সৃষ্টি হচ্ছে। ফলে পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, কর্মচারী, কর্মকর্তা, মালিক ও বিদেশী ক্রেতাসহ সকল জনসাধারণ যাতায়াতে চরম ভোগান্তি ও দূর্ভোগের স্বীকার হচ্ছেন। এই পরিস্থিতিতে বিজিএমইএ ম্যানেজমেন্টের অনুরোধে সরকার গত ২০ জুন ২০২১ইং তারিখ হতে তিনটি কমিউটার ট্রেন চালুর ব্যবস্থা করেছেন। যা ইতোমধ্যে আপনাদেরকে সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২১/৭৮, তারিখ: ১৯ জুন ২০২১ এর মাধ্যমে অবহিত করা হয়েছে। কমলাপুর স্টেশন ম্যানেজার হতে সংগৃহীত উক্ত ট্রেনগুলোর চলাচলের সময়সূচী নিম্নে উল্লেখ করা হলো :

### কমলাপুর - জয়দেবপুর/ কালিয়াকৈর/ টাঙ্গাইল

ট্রেনের নাম	প্রারম্ভিক স্টেশন	ট্রেন ছাড়ার সময়	ট্রেন যে সকল স্টেশনসমূহে থামিবে	সাপ্তাহিক ছুটি
তুরাগ এক্সপ্রেস	ঢাকা কমলাপুর	সকাল ৫:০০	তেজগাঁও- বনানী- বিমান বন্দর- টঙ্গী- জয়দেবপুর	শুক্রবার
টাঙ্গাইল কমিউটার	ঢাকা কমলাপুর	বিকাল ৬:০০	বিমান বন্দর- জয়দেবপুর- কালিয়াকৈর হাইটেক পার্ক- টাঙ্গাইল	শুক্রবার
কালিয়াকৈর কমিউটার	ঢাকা কমলাপুর	দুপুর ১:৪৫	তেজগাঁও-বিমান বন্দর- টঙ্গী- জয়দেবপুর- কালিয়াকৈর হাইটেক পার্ক	শুক্রবার

### জয়দেবপুর/ কালিয়াকৈর/ টাঙ্গাইল - কমলাপুর

ট্রেনের নাম	প্রারম্ভিক স্টেশন	ট্রেন ছাড়ার সময়	ট্রেন যে সকল স্টেশনসমূহে থামিবে	সাপ্তাহিক ছুটি
তুরাগ এক্সপ্রেস	জয়দেবপুর	সকাল ৭:১৫	টঙ্গী-বিমান বন্দর-বনানী-তেজগাঁও- কমলাপুর	শুক্রবার
টাঙ্গাইল কমিউটার	টাঙ্গাইল	সকাল ৬:৪০	কালিয়াকৈর হাইটেক পার্ক - জয়দেবপুর- বিমান বন্দর- কমলাপুর	শুক্রবার
কালিয়াকৈর কমিউটার	কালিয়াকৈর হাইটেক পার্ক	বিকাল ৫:০০	জয়দেবপুর- টঙ্গী- বিমান বন্দর-তেজগাঁও- কমলাপুর	শুক্রবার

উল্লেখ্য যে, ঢাকা-গাজীপুর সড়কপথের বিআরটি নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য এবং সম্পন্ন না হওয়া পর্যন্ত চলাচলের উপযোগী রাখার ব্যবস্থা করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্রালাপ করা হয়েছে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান  
মহা-সচিব

E:\Minhaj Hossain\Circular for BGMEA Members\Circular for Hon Member-21\Circular (B-21).doc